# মেহেরপুর সদর ইউসিসিএ লিঃ

**নিবন্ধন নম্বর-১০৮, তারিখ :১৩/০৩/১৯৭৪ খ্রি.।**

**উপজেলা পরিষদ চত্বর, মেহেরপুর সদর, মেহেরপুর।**

## ব্যবস্থাপনা কমিটির নির্বাচন-২০২৬

এতদ্বারা মেহেরপুর জেলার মেহেরপুর সদর উপজেলা কেন্দ্রীয় সমবায় এসোসিয়েশন লিঃ (ইউসিসিএ লিঃ) এর সম্মানিত সকল সদস্য ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সমিতির ব্যবস্থাপনা কমিটির বিগত ১৬.০৭.২০২৬ খ্রি. তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক আগামী ২০.০৯.২০২৬ খ্রি. তারিখ রোজ রবিবার সমিতির কার্যালয়ে সকাল ১০.০০টা হতে দুপুর ২.০০ ঘটিকা পর্যন্ত বিশেষ সাধারণ সভায় বিরতিহীনভাবে ব্যবস্থাপনা কমিটির নির্বাচন-২০২৬ উপলক্ষে ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে। উক্ত নির্বাচনে উপ-আইন অনুযায়ী ০১ (এক)জন সভাপতি, ০১(এক)জন সহ-সভাপতি, ০৬(ছয়)জন সদস্য সহ সর্বমোট ০৮ (আট) সদস্য বিশিষ্ট ব্যবস্থাপনা কমিটি নির্বাচত হবেন। জেলা সমবায় কার্যালয়, মেহেরপুর মহোদয় এর আদেশ নং-৭৩৭, তারিখ-০২.০৮.২০২৬ খ্রি. মূলে নিয়োগকৃত নির্বাচন কমিটির ১৬.০৮.২০২৬ খ্রি. তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক নিম্নরুপভাবে নির্বাচনী তফসিল ঘোষণা করা হলো। উক্ত নির্বাচন সমবায় সমিতি আইন ২০০১ (সংশোধিত,২০০২ ও ২০১৩) ও সমবায় সমিতি বিধিমালা ২০০৪ (সংশোধিত-২০২০) এবং সমিতির উপ-আইন অনুযায়ী অনুষ্ঠিত হবে।

## " নির্বাচনী তফসিল-২০২৬ "

| ক্রঃ নং | কর্মসূচি | তারিখ | সময় | স্থান |
|---|---|---|---|---|
| ০১। | মনোনয়ন পত্র বিতরণ/সংগ্রহ | ১৯.০৮.২০২৬ খ্রি.ও ২০.০৮.২০২৬ খ্রি. বুধ ও বৃহস্পতিবার | সকাল ১০.০০ টা হতে বেলা ২.০০টা পর্যন্ত। | সমিতির কার্যালয়, নির্বাচন কমিটির নিকট হতে। |
| ০২। | **মনোনয়ন পত্র দাখিল** | ২৪.০৮.২০২৬ খ্রি. সোমবার | সকাল ১১.০০ টা হতে বেলা ২.০০টা পর্যন্ত। | সমিতির কার্যালয়, নির্বাচন কমিটির নিকট। |
| ০৩। | মনোনয়ন পত্র বাছাই | ২৫.০৮.২০২৬খ্রি. মঙ্গলবার | সকাল ১১.০০ টা হতে। | সমিতির কার্যালয়, নির্বাচন কমিটি। |
| ০৪। | মনোনয়ন পত্র বাছাই অন্তে প্রার্থীর প্রাথমিক খসড়া তালিকা প্রকাশ। | ২৭.০৮.২০২৬ খ্রি.খ্রি বৃহস্পতিবার | বেলা ১১.০০ টা | সমিতির কার্যালয়ের নোটিশ বোর্ডে। |
| ০৫। | প্রাথমিক খসড়া তালিকায় অন্তর্ভূক্ত কোন প্রার্থীর মনোনয়ন পত্রের বিষয়ে আপত্তি কিংবা বাতিলকৃত প্রার্থীর আপত্তি দাখিল। | ৩০.০৮.২০২৬ খ্রি. ও ৩১.০৮.২০২৬ খ্রি. রবি ও সোমবার | অফিস চলাকালীন সময়ে (সকাল ৯ টা হতে বিকাল ৪ টা পর্যন্ত)। | যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর, খুলনা |
| ০৬। | আপীলের শুনানী ও নিস্পত্তি | ০১.০৯.২০২৬ খ্রি. ০২.০৯.২০২৬ খ্রি. ও ০৩.০৯.২০২৬ খ্রি. মঙ্গল, বুধ ও বৃহস্পতিবার | অফিস চলাকালীন সময়ে (সকাল ৯ টা হতে বিকাল ৪ টা পর্যন্ত)। | যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর, খুলনা |
| ০৭। | নির্বাচন কমিটি কর্তৃক চুড়ান্ত ও বৈধ প্রার্থীর তালিকা প্রকাশ। | ০৬.০৯.২০২৬ খ্রি. রবিবার | সকাল ১১.০০ টায় | সমিতির কার্যালয় নোটিশ বোর্ডে। |
| ০৮। | **প্রার্থীতা প্রত্যাহারের শেষ তারিখ** | ০৮.০৯.২০২৬ খ্রি. মঙ্গলবার | সকাল ১০.০০ টা হতে বেলা ২.০০ টা পর্যন্ত | নির্বাচন কমিটির নিকট। |
| ০৯। | বৈধ প্রার্থীর মধ্যে প্রতীক বরাদ্দ | ০৯.০৯.২০২৬ খ্রি. বুধবার | সকাল ১১.০০ টা | সমিতির কার্যালয়। |
| ১০। | চুড়ান্ত প্রার্থীর তালিকা প্রকাশ | ০৯.০৯.২০২৬ খ্রি. বুধবার | বেলা ০৩.০০ টায় | সমিতির কার্যালয়। |
| ১১। | **ভোট গ্রহণ** | ২০.০৯.২০২৬ খ্রি. রবিবার | সকাল ১০.০০ টা হতে দুপুর ২.০০ টা পর্যন্ত। | সমিতির কার্যালয়। |
| ১২। | ফলাফল ঘোষণা | ২০.০৯.২০২৬ খ্রি. রবিবার | ভোট গননা শেষে। | সমিতির কার্যালয়। |

**নির্বাচনের প্রতীক সমূহঃ**

ক) সভাপতি : গোলাপফুল, চেয়ার, ছাতা।

খ) সহ-সভাপতি : আনারস, হারিকেন, বটগাছ।

গ) ব্যবস্থাপনা কমিটির সদস্য (পরিচালক) : টেলিভিশন, টুপি, খেজুরগাছ, রেডিও, মোরগ, হাতী, হাতপাখা, পেনসিল, ঠেলাগাড়ী, দোয়াত কলম, দেয়ালঘড়ি, কলস, ডাব।

**নির্বাচন সম্পর্কে জ্ঞাতব্য বিষয় :**

১। মনোনয়ন পত্রের সাথে প্রার্থীর ১ (এক) কপি পাসপোর্ট সাইজ ছবি এবং জাতীয় পরিচয় পত্রের ফটোকপি সংযক্ত করতে হবে। মনোনয়ন পত্রের সাথে সংযুক্ত ছবি মেহেরপুর ইউসিসিএ লিঃ এর ব্যবস্থাপনা কমিটির সভাপতি/ নির্বাহী কর্মকর্তা কর্তৃক সত্যায়িত এবং সংশ্লিষ্ট উপজেলা / জেলা সমবায় অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে।

২। নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে ইচ্ছুক সকল প্রার্থীকে সমবায় সমিতি আইন'২০০১ (সংশোধিত-২০০২ ও ২০১৩) এবং সমবায় বিধিমালা-২০০৪ (সংশোধিত-২০২০) এবং সমিতির উপ-আইন মোতাবেক যোগ্য হতে হবে।

৩। চূড়ান্ত ভোটার তালিকায় অন্তর্ভূক্ত সদস্য ব্যতিত অন্য কোন ব্যক্তি নির্বাচনে অংশ গ্রহণ করতে পারবে না।

৪। কোন প্রার্থী একাধিক পদে মনোনয়ন পত্র দাখিল করতে পারবে না।

৫। দাখিলকৃত মনোনয়নপত্র অসম্পূর্ন, কাটাকাটি, ঘষামাজা, ভূল কিংবা মিথ্যা তথ্য সম্বলিত হলে সমবায় সমিতি বিধিমালা-২০০৪ (সংশোধিত-২০২০) এর ২৮(১) বিধি অনুযায়ী মনোনয়ন পত্র বাতিল বলে গন্য হবে।

৬। নির্বাচনী তফসিল মোতাবেক প্রার্থীতা প্রত্যাহারের পর কোন পদে একজন মাত্র বৈধ প্রার্থী থাকলে সমবায় সমিতি বিধিমালা-২০০৪ (সংশোধিত-২০২০) এর ৩২(১) বিধি মোতাবেক উক্ত প্রার্থীকে বিনা প্রতিদ্বন্দিতায় নির্বাচিত ঘোষনা করা হবে।

৭। নির্বাচন সংক্রান্ত বিষয়ে কারও কোন জিজ্ঞাসা থাকলে বা জানার প্রয়োজন হলে নির্বাচন কমিটির নিকট থেকে জানা যাবে।

৮। সভাপতি পদের জন ৫,০০০/- টাকা, সহ-সভাপতি পদের জন্য ৩,৫০০/- টাকা, এবং সদস্য পদের জন্য ১,৫০০/ - টাকা মূল্যের (অফেরৎ যোগ্য) জনাব মো. সাইফুর রহমান, সদস্য , নির্বাচন কমিটি ও সহকারী পরিদর্শক,উপজেলা সমবায় কার্যালয় মেহেরপুর সদর এর নিকট হতে সংগ্রহ করতে হবে এবং মনোনয়ন পত্র দাখিলের সময় রশিদের মূলকপি সংযুক্ত করতে হবে।

৯। নির্বাচন পরিচালনার ক্ষেত্রে নির্বাচন কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গন্য হবে।

| | | |
|---|---|---|
| ২১/০৮/২৬ | | ২৬.০৮.২৬ |
| ( মো. সাইফুর রহমান ) | ( মাহমুদ হাসান মালিক ) | ( মো. মাহবুবুল হক) |
| সদস্য | সদস্য | সভাপতি |
| নির্বাচন কমিটি-২০২৬ | নির্বাচন কমিটি-২০২৬ | নির্বাচন কমিটি-২০২৬ |
| মেহেরপুর সদর ইউসিসিএ লিঃ | মেহেরপুর সদর ইউসিসিএ লিঃ | মেহেরপুর সদর ইউসিসিএ লিঃ |
| মেহেরপুর সদর, মেহেরপুর। | মেহেরপুর সদর, মেহেরপুর। | মেহেরপুর সদর, মেহেরপুর। |

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হ'ল:

০১। উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ও সচিব, মেহেরপুর সদর ইউসিসিএ লিঃ, মেহেরপুর সদর। তাঁকে অত্র নির্বাচনী তফসিলটি সকল ভোটারকে অবগত করানোসহ স্থানীয় দৈনিক প্রত্রিকায় প্রকাশ করে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।

০২। সভাপতি, মেহেরপুর সদর ইউসিসিএ লিঃ মেহেরপুর সদর।

০৩। উপজেলা সমবায় অফিসার, মেহেরপুর সদর, মেহেরপুর।

০৪। জেলা সমবায় অফিসার, মেহেরপুর।

০৫। উপ-পরিচালক, বিআরডিবি, মেহেরপুর।

০৬। উপজেলা নির্বাহী অফিসার, মেহেরপুর সদর।

০৭। যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর, খুলনা।

০৮। সমিতির নোটিশ বোর্ড।

২৬.০৮.২৬

( মো. মাহবুবুল হক)

সভাপতি, নির্বাচন কমিটি-২০২৬

ও

উপজেলা সমবায় অফিসার

মেহেরপুর সদর,মেহেরপুর।